রেজিস্টার্ড নং ডি এ-১


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারী ৪, ১৯৯৫


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ: ২১শে পৌষ ১৪০১/৪ঠা জানুয়ারী ১৯৯৫

এস, আর, ও নং ৫-আইন/৯৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং এতদ্‌সংক্রান্ত প্রচলিত সকল বিধি বা প্রবিধান বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনষ্টিটিউট কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা, কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;



মূল্য: টাকা ৩.০০

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতা ;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ; এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষাবোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠান।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লেখিত বয়:সীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়:সীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফি সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাস না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ গ্রহণ না করেন।

তফসিল

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | প্রধান | | উপ-প্রধান এবং বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২। | উপ-প্রধান/বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা অফিসার। | | সহকারী প্রধান এবং সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | এক বা একাধিক ফিডার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৩। | সহকারী প্রধান/সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার। | | (১) প্রাথমিক পর্যায়ে : স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর ভূতপূর্ব জেলা স্বাস্থ্য শিক্ষা অফিসার বা ভূতপূর্ব মহকুমা স্বাস্থ্য শিক্ষা অফিসার পদে নিয়োজিত ছিলেন এবং বর্তমানে সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদের বিপরীতে, কিন্তু নিম্নতর বেতন স্কেলে নিয়োজিত আছেন এমন কর্মকর্তাদের পদোন্নতির মাধ্যমে ; | (১) প্রাথমিক পর্যায়ে পদোন্নতির জন্য : ভূতপূর্ব জেলা স্বাস্থ্য শিক্ষা অফিসার বা ভূতপূর্ব মহকুমা স্বাস্থ্য শিক্ষা অফিসার পদে এবং সিনিয়র/জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদের বিপরীতে নিয়োজিত কর্মকর্তা হিসাবে সর্বমোট ১২ (বার) বৎসরের চাকুরী। স্বাস্থ্য শিক্ষায় এম, পি, এইচ বা ডি, পি, এইচ বা ডি, এইচ, ই ডিগ্রীধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (২) পরবর্তী পর্যায়ে : অনুচ্ছেদ (১) এর অধীন পদোন্নতি সম্পন্ন হওয়ার পর—<br>(ক) ৬০% পদ জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার এবং গবেষণা কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে ; | (২) (ক) পরবর্তী পর্যায়ে পদোন্নতির জন্য : এক বা একাধিক ফিডার পদে অন্যূন ৫ (পাচ) বৎসরের চাকুরী। |
| | | অনূর্ধ ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (খ) সরাসরি নিয়োগের জন্য :<br>(অ) সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, অর্থনীতি, রাষ্ট্র বিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মান সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী ; এবং<br>(আ) স্বাস্থ্য শিক্ষায় এম, পি, এইচ বা ডি, পি, এইচ বা ডি, এইচ, ই ডিগ্রী। |
| ৪। | জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার | | (১) পদোন্নতির মাধ্যমে ৬০% পদ পূরণ করা হইবে, তবে—<br>(ক) প্রাথমিক পর্যায়ে এই কোটা স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর ভূতপূর্ব মহকুমা স্বাস্থ্য শিক্ষা অফিসার পদে নিয়োজিত ছিলেন এবং বর্তমানে জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদের বিপরীতে, কিন্তু নিম্নতর বেতন স্কেলে নিয়োজিত আছেন এমন কর্মকর্তাদের পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে। | (১) (ক) প্রাথমিক পর্যায়ে পদোন্নতির জন্য : ভূতপূর্ব মহকুমা স্বাস্থ্য শিক্ষা অফিসার পদে এবং জুনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার পদের বিপরীতে নিয়োজিত কর্মকর্তা হিসাবে সর্ব-মোট ১০ (দশ) বৎসরের চাকুরী। |
| | | | (খ) দফা (ক) অনুসারে পদোন্নতি সম্পন্ন হওয়ার পর, উক্ত কোটা হেলথ্ | (খ) পরবর্তী পর্যায়ে পদোন্নতির জন্য : ফিডার পদে ১০ (দশ) বৎসরের চাকুরী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | এডুকেটর পদ হইতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হইবে। | |
| | | অনূর্ধ ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের বেলায় বয়স শিথিলযোগ্য। | (২) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (২) সরাসরি নিয়োগের জন্য: (ক) সামাজিক বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। (খ) স্বাস্থ্য শিক্ষায় এম, পি, এইচ বা ডি, পি, এইচ বা ডি, এইচ, ই ডিগ্রী। |
| ৫। | গবেষণা কর্মকর্তা | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | পরিসংখ্যান, অর্থনীতি, গণিত, সমাজবিজ্ঞান, সমাজকল্যাণ, রাষ্ট্রবিজ্ঞানে অথবা অর্থনীতি বা পরিসংখ্যানসহ বা পপুলেশন ডেমোগ্রাফীতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬। | হেলথ এডুকেটর | অনূর্ধ ৩০ বৎসর, বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ২০% পদ সিনিয়র ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট এবং ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: সিনিয়র ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট পদে ৫ (পাঁচ) বৎসরের এবং ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট পদে ৮ (আট) বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী তবে, স্বাস্থ্য শিক্ষায় সার্টিফিকেট কোর্সধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭। | ট্রান্সলেটর-কাম-আর্টিষ্ট/আর্টিষ্ট ডিজাইনার/একজিবিট স্পেশালিষ্ট। | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | ইউ, ডি, এ্যাসিষ্ট্যান্ট | অনুর্ধ ৩০ বৎসর। | (ক) ৬০% পদ নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক এবং ষ্টোরকিপার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ৪০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>(ক) ফিডার পদে অন্যুন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন স্নাতক ডিগ্রীধারী হইতে হইবে। |
| ৯। | ষ্টেনোটাইপিষ্ট | | Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Departments) Recruitments Rules, 1978 অনুযায়ী। | |
| ১০। | ট্রান্সলেটর | অনুর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইংরেজী বিষয়সহ অন্যুন স্নাতক ডিগ্রী। |
| ১১। | ফটোগ্রাফার | | ৫০% পদ ডার্করুম এ্যাসিষ্টান্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>ফিডার পদে অন্যুন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর। | ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যুন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ফটোগ্রাফি বা ফটোল্যাবে কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২। | ইকুইপমেন্ট মেকানিক | অনুর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যুন মাধ্যমিক সার্টিফিকেট পাসসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মেকানিক্যাল অথবা ইলেক-ট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন হইতে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৩। | সিনিয়র ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট। | | ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট/প্রজেকশনিষ্ট পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৪। | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক। | অনূর্ধ ৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে, এবং ২৫% চতুর্থ শ্রেণীর কর্মচারীদের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য : উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি।<br>পদোন্নতির জন্য : মাধ্যমিক সার্টিফিকেট পাস এবং প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি। |
| ১৫। | ষ্টোর কিপার | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৬। | প্রুফরিডার/কম্পোজিটর/মেশিন ইংকার। | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৭। | ফিল্ড ওয়ার্কার-কাম-প্রজেকশনিষ্ট/প্রজেকশনিষ্ট। | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮। | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর। | | দপ্তরী/এম, এল, এস, এস পদ হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১৯। | দপ্তরী | | এম, এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ২০। | ডার্করুম এ্যাসিষ্ট্যান্ট | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। ডার্করুমে কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২১। | অডিওভিজুয়েল হেলপার | | এম, এল, এস, এস পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে অন্যূন ২(দুই) বৎসরের চাকুরী-সহ অডিওভিজুয়েল যন্ত্রপাতি চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২২। | এম, এল, এস, এস | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অন্যূন অষ্টম শ্রেণী পাস এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ আহমেদ

সচিব।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।